


অবনীন্দ্রনাথ ঠাকুরের

আপনার কথা

আপনার কথা



সম্পাদনা

ড. অনিমেঘ গোলদার

দ্বী

Abanindranath Thakurer

Apan Katha :

Apanar Katha

Edited by : *Dr. Animesh Golder*

ISBN : 978-93-92110-49-8

Published by

DIYA PUBLICATION

44/1A Beniatola Lane, Kolkata-700009

West Bengal • India

Phone : 6291811415

e-mail : diyapublication@gmail.com

diyapublication64@gmail.com

website : <https://diyapublication.in/>

facebook : দিয়া পাবলিকেশন কলকাতা

facebook page : <https://www.facebook.com/diyapublicaton/>

প্রকাশনা সংক্রান্ত কথা

৭৪৩৯৮৭৭৪৫৬

বিপণন সংক্রান্ত কথা

৬২৯১৮১১৪১৫

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া
এই বইয়ের কোনো অংশের
কোনো ধরনের প্রতিলিপি অথবা
পুনরুৎপাদন কার যাবে না। এই
শর্ত অমান্য করা হলে উপযুক্ত
আইনি ব্যবস্থা নেওয়া হবে।

প্রথম প্রকাশ : ডিসেম্বর, ২০২৩

₹ ২৪০/-

‘এ-বাড়ি ও-বাড়ি’ : ইতিহাস আর

ঐতিহ্যের স্মৃতিকথা ৯৪ প্রত্যায কুমার জানা

অবনীন্দ্রনাথ ঠাকুরের ‘বারবাড়িতে’ :

শৈশবের মুক্তি-আকাঙ্ক্ষা ১০১ জয়সীমা বিশ্বাস

অসম্পূর্ণ ক্রিয়া সমাহারে অসমাপিকা ১০৬ সুব্রত মণ্ডল

‘আপনকথা’র ‘বসত-বাড়ি’র স্মৃতি-বিস্মৃতির বৃত্তান্ত ১১০ সুদীপ্ত চৌধুরী

তৃতীয় পর্ব : ‘আপন কথা’—মূল পাঠ _____ ১১৫-১৫২

‘আপন কথা’র ‘বসত-বাড়ি’র

স্মৃতি-বিস্মৃতির বৃত্তান্ত

সুদীপ্ত চৌধুরী

কলকাতার জোড়াসাঁকোর দ্বারকানাথ ঠাকুর লেনের ৫ নম্বর এবং ৬ নম্বর এই দুই বাড়ি মিলিয়ে ছিল জোড়াসাঁকো ঠাকুরবাড়ি। ছয় নম্বর বাড়িটিই আদি। নির্মাণ করেছিলেন নীলমণি ঠাকুর। পরবর্তীকালে তাঁর পৌত্র দ্বারকানাথ ঠাকুর এই ৬ নম্বর বাড়ি সংলগ্ন জমিতে তিনতলা বিশিষ্ট এক বিরাট অটালিকা নির্মাণ করেছিলেন। এটিই ৫ নম্বর বাড়ি। যা দ্বারকানাথের বৈঠকখানা বাড়ি হিসেবে ব্যবহৃত হত। ফলে চক মিলানো ৬ নম্বর বাড়ি ছিল জোড়াসাঁকোর ঠাকুরবাড়ির অন্দরমহল আর ওই বৈঠকখানা বাড়িটি ছিল বার মহল ওখানে মেয়েদের প্রবেশ অবাধ ছিল না। দ্বারকানাথের দেশি-বিদেশি আমন্ত্রিত অভ্যাগতদের আপ্যায়ন করার জন্যই ওই বাড়িটি ব্যবহৃত হতো। পরবর্তীকালে দ্বারকানাথের মৃত্যু হলে জ্যেষ্ঠ পুত্র দেবেন্দ্রনাথ ভাইদের সঙ্গে একত্রে ৬ নম্বর বাড়িতেই বসবাস করতেন। দ্বারকানাথের দ্বিতীয় পুত্র গিরীন্দ্রনাথের মৃত্যুর পর তাঁর স্ত্রী, পুত্রকন্যাদের নিয়ে পাঁচ নম্বর বাড়িতে উঠে আসেন। গিরীন্দ্রনাথের দুই পুত্র, গণেন্দ্রনাথ ও গুণেন্দ্রনাথ। গণেন্দ্রনাথ ছিলেন হিন্দু মেলায় অন্যতম উদ্যোক্তা, সহ-সম্পাদক; আর গুণেন্দ্রনাথ ছিলেন শিল্পী। এই গুণেন্দ্রনাথের এই তিন পুত্র গগনেন্দ্রনাথ, সমরেন্দ্রনাথ ও অবনীন্দ্রনাথ তিনজনেরই জন্ম ও বেড়ে ওঠা এই ৫ নম্বর বাড়িতে। সুতরাং এই হল অবনীন্দ্রনাথের ‘আপন কথা’, ‘বসত-বাড়ি’টির সংক্ষিপ্ত ইতিকথা। যদিও ‘আপন কথা’ গ্রন্থে এই শিরোনামী অধ্যায়টির পরিসর দৃশ্যতই বড়ো কম। তথ্য নয়, এখানে যেন মূর্ত হয়ে উঠেছে একটি ভাব। আর সেই ভাবে লগ্ন হয়ে আছে আপামর মানুষের তাঁদের বসত নীড়টির সঙ্গে আত্মীয়তার বুনন চিহ্ন। তাই এই অধ্যায়টি এককথায় যেন গোম্পদে প্রতিবিস্তিত অনন্ত আকাশ—সেখানে ছায়া পড়েছে বাড়ি আর মানুষের মধ্যে রয়ে যাওয়া একটা উল্ল-জ্যাস্ত সম্পর্কের। বাড়তি তথ্য সেখানে যেন কোলাহল। তাই ভাবের কথাই অবন ঠাকুর শোনান কানে কানে।

‘শোনা’ ক্রিয়াপদটি ব্যবহার করলাম বটে, তবে এক্ষেত্রে স্মরণীয় যে অবন ঠাকুরের যে-কটি স্মৃতিকথা আছে (ঘরোয়া—জোড়াসাঁকোর ধারে—আপন কথা) তাদের মধ্যে একমাত্র ‘আপন